SHRI SHIKSHAYATAN SCHOOL
MID TERM EXAM (2017 - 2018)
SUBJECT -- BENGALI
CLASS - XII

Time - 3hrs. F.M.- 85

General Instruction :

- Please check this question paper contains 15 questions.
- Please write down the serial no of the question before attempting it.
- 15 minutes time has been allotted to read the question paper.

Section -- A (Reading)
বোধ পরীক্ষণ

১। নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও : ১+১+১+১+১=৫

'ম্যাগাজিন' শব্দটির আদি অভিধানিক অর্থ হল 'বারুদশালা' বা 'কার্তুজ-ভাণ্ডার'। দু'মলাটের মধ্যে নানা বিস্ফোরক লেখাপত্রের সংগ্রহ হিসেবেই সম্ভবত 'ম্যাগাজিন' অর্থে পত্রিকার আবির্ভাব। লিটল ম্যাগাজিন সে-অর্থে ক্ষুদ্রাকার আগ্নেয়াস্ত্র। তবে তার আছে অকল্পনীয় দূরপাল্লার ক্ষমতা। কবি ফাল্গুনী রায় লিখেছিলেন 'ম্যাগাজিন শব্দটি আমি লক্ষ করেছি রাইফেল ও কবিতার সঙ্গে যুক্ত'।

মৃত্যু অথবা অকালছেদের খড়গ সর্বদা 'লিটল ম্যাগ'-কে ভয় দেখায়। তবু সে এগিয়ে চলে বীরদর্পে।

তার দুই ডানায় মননশীলতা আর কল্পনা। অসামান্য তার অবদান। নতুন নতুন অভিব্যক্তিতে ভাস্বর। তারাই বাড়িয়ে দেয় সাহিত্যবর্গের ধারণক্ষমতা, বাড়িয়ে দেয় ভাষার নমনীয়তা, যোগ করে উদ্ভাবনী নবতরঙ্গ। এদের সম্মিলিত প্রভাবেই এগিয়ে চলে সাহিত্যের ইতিহাস। যার আঁতুড়ঘর হিসেবে চিহ্নিত করা যায় লিটল ম্যাগাজিনকে। সেই লেখাগুলোকে পরম যত্নে কাল থেকে কালান্তরে নিয়ে যান সম্পাদক। তাঁর অর্থকষ্ট, যন্ত্রণা, শ্রম আর অধ্যবসায় জন্ম দেয় আগামীর সমুজ্জ্বল নক্ষত্রের। যুগের নামকরণ হয় পত্রিকার নামে - 'কল্লোল যুগ'। রবীন্দ্রচনার সঙ্গে মিশে থাকে 'ভারতী পর্ব' বা 'সবুজপত্র পর্ব'। কাব্যের ইতিহাসে জ্বলজ্বল করে 'ক্ষুধার্ত' আন্দোলন, 'শ্রুতি' আন্দোলন। চিরস্থায়ী সম্পদ হিসেবে গণ্য হয় 'কবিতা' বা 'কৃত্তিবাস' কিংবা 'পূর্বাশা' বা 'শতভিষা'। মননশীলতার চর্চায় কে ভুলে যাবে 'এক্ষণ', 'প্রমা', 'পরিচয়', 'ধ্রুবপদ', 'জিজ্ঞাসা' অথবা 'বারোমাস' -কে ?

সুনীল গঙ্গোপাধ্যায় মনে করিয়ে দেন আরও একটি প্রসঙ্গ। 'শুধু যে লেখা প্রকাশ করা এটাই নয় - লিটল ম্যাগাজিন অনেক সময় ছাপার ব্যাপারেও পথ প্রদর্শন করে। আমরা যেভাবে কৃত্তিবাস বের করতাম, তখন দেখবে আমরা বর্ডার দিয়ে কবিতা ছাপাতাম, তার আগে কেউ করতো না, তারপর দ্যাখা গেল অনেক বড় পত্রিকাই সেই রীতিটাকে অনুসরণ করছে। তেমনি ধরো কবির নামটা ওপরে দিয়ে কবিতার নামটা তলায় দিয়ে ছাপাতাম। দ্যাখা গেল অনেক প্রকাশক সেইভাবে বই প্রকাশ করছে। লিটল ম্যাগাজিন এইভাবেও পথ দেখায়।' ....

ব্রিটিশ যুগে 'ধূমকেতু' পত্রিকায় প্ররোচনামূলক 'রাজনৈতিক' রচনার জন্য জেল খেটেছিলেন কবি নজরুল, আবার 'সন্ধ্যা' পত্রিকা সম্পাদনার জন্য ব্রহ্মবান্ধব উপাধ্যায়কে গ্রেপ্তার করা হয়েছিল। রাষ্ট্র, ক্ষমতা বারংবার কণ্ঠরোধ করতে চায় লিটল ম্যাগাজিনের সশস্ত্র মননচর্চার। শান্তশিষ্ট লেজবিশিষ্ট নাদুসনুদুস 'হ্যাঁ-হ্যাঁ বলা' পত্রিকা এবং তার পোষা সাহিত্যিকেরা সর্বদা দীর্ঘ, শান্ত এবং নিরুদ্বেগ জীবন কাটায়। শো-কেসের নিষ্প্রাণ পুতুল যেন। ঝকমকে কিন্তু স্থবির।

ক) 'ম্যাগাজিন' শব্দটির আদি আভিধানিক অর্থ কি ?
খ) 'লিটল ম্যাগাজিন' হল সাহিত্যের 'আঁতুড়ঘর' -একথা বলার কারণ কি ?
গ) একটি 'লিটল ম্যাগাজিন' -এর নাম কর এবং সেটি ছাপার ব্যাপারে কিভাবে পথ প্রদর্শন করেছে, তা লেখ।
ঘ) 'লিটল ম্যাগাজিন' - এক অর্থে 'ক্ষুদ্রাকায় আগ্নেয়াস্ত্র' বলা যায় কেন ?
ঙ) বিপরীত শব্দ লেখ - আবির্ভাব।

২। নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : ১+১+১+১+১=৫

ভারতে বাজার দখলের লড়াইয়ে মোবাইল নির্মাতাদের অন্যতম বাজি, নিজস্বী তোলার নিত্যনতুন প্রযুক্তি।

এই প্রযুক্তির টানে নিজস্বী তোলার নেশায় মজছে 'জেনারেশন নেক্সট'। সমীক্ষা বলছে প্রতি তিন জন ক্রেতার এক জন 'সেলফি' বা নিজস্বী তোলার মান বিচার করে ফোন কেনেন।

আর এই নিজস্বী তোলার ক্রমশ প্রবণতা তৈরি করছে ঝুঁকি। বেড়াতে গিয়ে, আড্ডা গিয়ে সেলফি। দুর্ঘটনাস্থলেও নিজস্বী। যেন তেন প্রকারে নিজের ছবি তুলে সোশাল মিডিয়ায় পোস্ট করে দেওয়া। তার পরে অসংখ্য 'লাইক' ও 'কমেন্ট'-এর বন্যা। সেলফির নেশায় নদীতে ডুবে, ট্রেনে কাটা পড়ে মারাও যাচ্ছেন অনেকেই।

নিজস্বী তোলার হিড়িকে মৃত্যুর সংখ্যা বাড়লেও মানুষের হুঁশ ফিরছে না, কয়েকমাস আগে লিলুয়ার ঘটনা তারই প্রমান। এখানে রেল লাইনে নিজস্বী তোলার জেরে ট্রেনের ধাক্কায় প্রাণ যায় চার যুবকের। বিহারের গোপালগঞ্জের থাবে থানার বেদুটোলার ঘটনাটি আরও সাম্প্রতিক নিদর্শন।

গলায় বিষধর সাপ ঝুলিয়ে নিজস্বী তোলার ইচ্ছা হয়েছিল বছর সাতাশের যুবকের।

গ্রামের মন্দিরে সাপখেলা দেখাতে আসা সাপুড়েকে বুঝিয়ে-সুঝিয়ে একটা গোখরো জোগাড় করেছিলেন। মোবাইলে নিজস্বী তোলার সময়ই বিকাশ সিংহ নামে ওই যুবকের হাতে ছোবল মারে সাপটি। মাটিতে লুটিয়ে পড়েন তিনি। এলাকার লোকজন নিয়ে যান হাসপাতালে। সময়মতো প্রতিষেধক পেয়ে এ যাত্রায় বেঁচেছেন বিকাশ।

নিজস্বীর নেশায় প্রাণহানির ঘটনা দিনদিন বাড়ছে গোটা বিশ্বে। আর এই সেলফি নেওয়ার হুজুগকে পুঁজি করে ব্যবসা বাড়াতে ঝাঁপাচ্ছে ছোট-বড় মোবাইল নির্মাতা। এখন গান শোনা, ফিল্ম দেখা এবং অবশ্যই ছবি তোলার জন্য মোবাইলের কদর সবচেয়ে বেশি। শুধু স্মার্টফোনে নয়, এখন কম দামি ফিচার ফোনেও সেলফি তোলার সুবিধা থাকছে।

মোবাইল নির্মাতাদের দাবি, ক্রেতাদের একটি বড় অংশ ফোনের ক্যামেরার মান বিচার করে কেনার সিদ্ধান্ত নেন। কমবয়সী ক্রতা টানতে বিজ্ঞাপনে 'সেলফি এক্সপার্ট' বলে দাবি করছে কোনো কোনো সংস্থা। প্রশ্ন উঠছে, বিপণনের তুরুপের তাস যে কখনও কখনও মৃত্যুঘন্টা বাজাচ্ছে, তা নিয়ে কী ভাবছে মোবাইল নির্মাতারা ? আদৌও কিছু ভাবছে কি? সিগারেটের প্যাকেটে লেখা থাকে - 'টোব্যাকো কিলস'। এই ধরনের বিধিসম্মত সতর্কীকরণ মোবাইল ফোনের বাক্সে লেখা থাকবে না কেন, এ প্রশ্নও উঠছে। বিপণনের হাতিয়ার যাই হোক, সামাজিক দায়বদ্ধতার প্রশ্নটি কখনোই এড়ানো যায় না।

উইকিপিডিয়ার পরিসংখ্যান অনুযায়ী ২০১৫ সালে গোটা পৃথিবীতে সেলফির কারণে মৃত্যুর সংখ্যা ৫০। ভারতে ১৮। এক বছর পরেই সেই সংখ্যা যথাক্রমে ৮৮ এবং ৬২। অর্থাৎ ২০১৬ সালে মোট মৃত্যুর ৭০ শতাংশের বেশি ঘটেছে ভারতে।

ক) নিজস্বী তোলার প্রবণতা বৃদ্ধি পাবার কারণ কী ?
খ) এই প্রবণতা বিপজ্জনক হয়ে উঠেছে কেন ?
গ) বিভিন্ন মোবাইল প্রস্তুত সংস্থা নিজস্বী তোলার এই প্রবণতাকে কিভাবে ব্যবসায়িক কাজে ব্যবহার করছে ?
ঘ) সামাজিক দায়বদ্ধতার দিক থেকে কিভাবে এই সমস্যার প্রতিকার সম্ভব বলে তোমার মনে হয় ?
ঙ) পদান্তর কর : ইচ্ছা।

Section - B (Grammar)

৩। নিম্নলিখিত ধ্বনিবিজ্ঞানের সূত্রগুলির যে কোন একটির দু'টি উদাহরণ-সহ সংজ্ঞা লেখ : ৫x ১=৫
ক) স্বরভক্তি, খ) অপিনিহিতি।

৪। যে কোনো একটি অলঙ্কারের উদাহরণ-সহ সংজ্ঞা লেখ : ৫x ১=৫
ক) অনুপ্রাস, খ) শ্লেষ।

৫। যে কোনো পাঁচটি বাগধারা / প্রবাদের অর্থ লেখ ও একটি করে বাক্যরচনা কর। ৫x২= ১০
কেঁচে গন্ডুষ করা, চোখে সর্ষে ফুল দেখা, চক্ষুশূল, উলুবনে মুক্তা ছড়ানো,
জলে কুমীর ডাঙায় বাঘ, চোঁটকাটা।

Section - C (Composition & Writing)

৬। নিচে সংবাদপত্রের একটি প্রতিবেদন রয়েছে। এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : ২+২+২=৬
জলের সঙ্গ লড়াইটা সহজ ছিল না। কিন্তু ছোট থেকেই হেরে যাওয়া বড্ড অপছন্দ মেয়েটির। সেই জেদেই এ বার

ইংলিশ চ্যানেল পেরোলেন কালনার সায়নী দাস। এর আগে সাম্প্রতিক কালে বাংলা থেকে বুলা চৌধুরী, মাসুদুর রহমান, রেশমি শর্মারা ইংলিশ চ্যানেল পেরিয়েছেন।

বুধবার ভারতীয় সময় সকাল দশটা নাগাদ সাঁতার শেষ হয় সায়নীর। সময় লাগে ১৪ঘন্টা ৮মিনিট। ইংল্যান্ড থেকে ফোনে সায়নী বললেন, ''ঠান্ডা এবং যন্ত্রণায় পড়ে পৌঁছনোর পরেই জ্ঞান হারিয়ে ফেলেছিলাম। সঙ্গে থাকা পাইলট টানা মাসাজ করে জ্ঞান ফেরান।''

সায়নীর সঙ্গে ইংল্যান্ড গিয়েছিলেন তাঁর বাবা, প্রাথমিক স্কুলের শিক্ষক রাধেশ্যাম দাশ। তিনিই ছোট থেকে মেয়েকে সাঁতারের প্রশিক্ষণ দেন। মেয়ে ইংলিশ চ্যানেল পেরোনোর সময়েও পাশে পাইলট বোটে ছিলেন তিনি। রাধেশ্যামবাবু জানান, ক্রমাগত কমতে থাকা তাপমাত্রা, তার উপর ঢেউ, ভাসমান শ্যাওলা ও জলজ উদ্ভিদের কাঁটা বারবার গায়ে জড়িয়ে যাওয়ায় খুবই মুশকিলে পড়ছিল সায়নী। পরে কিছুটা ধাতস্থ হয়। তবে সবচেয়ে বেশি মুশকিল হয় জেলিফিশ নিয়ে। সায়নীও বলেন, ''জেলিফেশের ছোঁয়া গায়ে লাগলেই জ্বলছিল। মনে হচ্ছিল যেন একসঙ্গে অনেক কাঠপিঁপড়ে কামড়াচ্ছে।'' রাধেশ্যামবাবুও জানান; ঢেউয়ের ধাক্কায় প্রায় কিছুই খেতে পারছিল না সায়নী। ফ্রান্সে ঢোকার আগে ঢেউ আরও বেড়ে যায়। সঙ্গে ৯ ডিগ্রিরও কম তাপমাত্রা। বারবার ধাক্কা খেয়ে পিছিয়ে যাওয়ায় ১৪ কিলোমিটার বেশি ঘুরতে হয়েছে বলে তাঁর দাবি। ফলে সময়ও বেশি লাগে। তবে তাতেও হার মানেননি তিনি।

কালনা শহরের বারুইপাড়ার বাসিন্দা সায়নী হুগলির শ্রীরামপুর কলেজে ইতিহাসের প্রথম বর্ষের ছাত্রী। এর আগে জাতীয় ও রাজ্য স্তরে একাধিক সোনা, রুপো জিতেছেন তিনি।

ক) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।
খ) দু'টি বাক্যে মূল বিষয়টির উপর আলোকপাত কর।
গ) ইংলিশ চ্যানেল পেরোনোর সময় সায়নীর ১৪ কিলোমিটার বেশি ঘুরতে হয়েছে কেন ?

Section - D (Literature)

৭। ''তুই পাগল নিখিল। বদ্ধ পাগল''
ক) উদ্ধৃত অংশটি কার লেখা এবং কোন গল্প থেকে নেওয়া ?
খ) বক্তা কে ? কখন একথা বলেছে ?
গ) এরপরে কী ঘটেছিল ? ১+১+৩=৫

অথবা,

'একন চান করব নে। মাতায় জল পড়লে পেট মানতে চায়নে মোটে'।
ক) উদ্ধৃত অংশটি কার লেখা, কোন গল্পের থেকে নেওয়া ?
খ) কথাটি কে বলেছেন ?
গ) তাঁর এই উক্তির কারণ কী ?

৮। সঠিক উত্তরটি নির্বাচন করো। (MCQ) ৬x১=৬
ক) 'এ সংসারে সব কিছুই চলে কার নিয়মে ?'
a) পিসিমা, b) বড় বৌ, c) বাসিনী।

খ) 'শার্শিতে আটকানো মৌমাছির মতো মাথা খুঁটছে' -কে ?
a) নিখিল, b) মৃত্যুঞ্জয়, c) লেখক।

গ) মৃত্যুঞ্জয় ভেঙে পড়েছিল কারণ -
a) তার শরীর দুর্বল ছিল, b) অনাহারে মৃত্যুর ঘটনা সে সহ্য করতে পারছিল না
c) টুনুর মা শয্যাশায়ী ছিল।

ঘ) টুনুর মা শয্যাশায়ী হয়েছিল।
a) জ্বরে, b) টাইফয়েডে, c) খাওয়া কমিয়ে দিয়ে।

ঙ) উচ্ছব কোন চাতালে বসে ?